

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ১৩০১ (আগরতলা, ১৮।৭)

খোয়াই, ১৮ জুলাই ২০১৭

পশ্চিম বেলছড়া ভিলেজে প্রশাসনিক শিবির অনুষ্ঠিত

খোয়াই মহকুমা প্রশাসনের উদ্যোগে পদ্মবিল ব্লকের পশ্চিম বেলছড়া ভিলেজের দেবেন্দ্র চৌধুরী পাড়াস্থিত দশরথ দেব স্মৃতি কমিউনিটি হলে গতকাল প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন এ ডি সি'র চেয়ারম্যান ড.রঞ্জিত দেববর্মা, ভিলেজের চেয়ারম্যান শিবু দেববর্মা, ভিলেজের সদস্যগণ সহ মহকুমা এস টি ওয়েলফেয়ার অফিসার শ্যামজয় জমাতিয়া প্রমুখ। শিবিরে রতনপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের পক্ষ থেকে ১৪৫ জনের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধ প্রদান করা হয়। ৮ জনের রক্তের নমুনা পরীক্ষা করা হয়। শিবিরে ২৪৭টি এস টি, ৩০০ টি বিবাহ নিবন্ধীকরণ, ২১৮টি পি আর টি সি'র আবেদনপত্র গ্রহণ করা হয়। শিবির উপলক্ষ্যে স্থানীয় কমিউনিটি হলে এলাকার ছোট ছোট ছেলেমেয়েরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে।
